



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

২৩ জ্যৈষ্ঠ ১৪২৫

তারিখঃ -----

০৬ জুন ২০১৮

ডিএমডি সার্কুলার লেটার নং-১

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

পুনঃক্রয় চুক্তির (Repo) জন্য ট্রেজারি বিলের ব্যবহার এবং ট্রেজারি বিলের জন্য স্ক্রীপের পরিবর্তে এসজিএল হিসাব আকলন ও প্রয়োজনাতিরিক্ত তারল্য বাংলাদেশ ব্যাংকের সংগে স্বল্পমেয়াদি বিনিয়োগঃ বিপরীত পুনঃক্রয় (Reverse Repo) ব্যবস্থা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ১৪/১০/২০১০ তারিখের সার্কুলার লেটার নং-ডিএমডি-০৬/২০১০ এবং ০৩/০৪/২০১৮ তারিখের এমপিডি সার্কুলার নং ০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশ ব্যাংকের সাথে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের রেপো লেনদেনের মেয়াদ ১ দিন (ওভারনাইট) এর পাশাপাশি ৭ দিন, ১৪ দিন এবং ২৮ দিন পুনঃনির্ধারণ করার প্রেক্ষিতে সার্কুলার লেটার নং-ডিএমডি-০৬/২০১০ এর ক) ৩. নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলোঃ

3. Repo Transaction will be conducted through auctions held on all working days for overnight, 7-day, 14-day and 28-day tenors. For intervening holidays the tenor of Repo will be automatically extended by the number of holidays involved. For example, for overnight repos issued on Thursday, the tenor will be (Thursday+Friday+Saturday)=3 days.

ওভারনাইট (১ দিন মেয়াদী) রেপোর জন্য বিড বার্ষিক ৬% স্থির সুদ হারে পূর্ববৎ দাখিল করতে হবে; ৭, ১৪ ও ২৮ দিন মেয়াদী রেপোর সুদ হারের জন্য বিড ১ দিন মেয়াদী হারের চেয়ে উচ্চতর দরে দাখিল করতে হবে; এসব মেয়াদের জন্য পাওয়া বিডগুলো গ্রহণের ক্ষেত্রে সুদ হার এবং পরিমাণ এর বিষয়ে প্রতি নিলামে Auction Committee সিদ্ধান্ত গ্রহণ করবে।

সার্কুলার লেটারের সাথে সংযোজিত দরপত্র ফরমের ৩ নং ক্রমিকে বর্ণিত পুনঃক্রয় মেয়াদ ১ দিন/...দিন (কেবলমাত্র ছুটির দিন সহ) এর স্থলে ১ দিন/৭ দিন/১৪ দিন/২৮ দিন/.. দিন (ছুটির দিনসহ) প্রতিস্থাপিত হবে।

উল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

পরিবর্তিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(সৈয়দ তারিকুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১

ইমেইলঃ syed.tariquzzaman@bb.org.bd

দরপত্র ফরম

মহাব্যবস্থাপক  
মতিঝিল অফিস  
বাংলাদেশ ব্যাংক  
মতিঝিল, ঢাকা।

প্রিয় মহোদয়,

.....তারিখে বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিতব্য পুনঃক্রয় নিলামের দরপত্র দাখিল প্রসঙ্গে।

আমরা নিম্নবর্ণিত শর্তনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর.....কোটি টাকার সিকিউরিটিজ নির্দিষ্ট মেয়াদান্তে পুনঃক্রয় এর প্রতিশ্রুতি সহ বিক্রয়ের জন্য আপনাদের বরাবরে এই দরপত্র দাখিল করছি।

|  |   |
|--|---|
| ১) দরপত্র দাতার নাম  |   |
| ২) ঠিকানা ও টেলিফোন নম্বর  |   |
| ৩) পুনঃক্রয় চুক্তির মেয়াদ  | ১ / ৭ দিন/১৪ দিন/২৮ দিন/... দিন (ছুটির দিনসহ)<br>(সুনির্দিষ্ট দিনে চিহ্ন দিন অথবা উল্লেখ করণ) |
| ৪) বিক্রয়ের তারিখ (রেপো)  |   |
| ৫) বাংলাদেশ ব্যাংক হতে পুনঃক্রয়ের তারিখ   |   |
| ৬) রেপো এর জন্য আবেদনকৃত অংক (৫০ লক্ষ ও তার গুণিতক)  |   |
| ৭) পুনঃক্রয় কার্যক্রমের জন্য প্রদেয় সিকিউরিটিজ এর বিবরণঃ<br>ক) অভিহিত মূল্য,<br>খ) ইস্যু নম্বর,<br>গ) ISIN,<br>ঘ) ইস্যু তারিখ,<br>ঙ) Yield           |   |
| ৮) আবেদনকৃত সিকিউরিটিজ এর মূল্য-<br>ক) কুপনবাহী ট্রেজারি বন্ডের বাজার মূল্য<br>(Clean price+ Accrued coupon interest)<br>খ) ট্রেজারি বিলের বাজার মূল্য |   |
| ৯) প্রস্তাবিত রেপো হার [ বার্ষিক, দুই দশমিক স্থান পর্যন্ত]   |   |
| ১০) প্রস্তাবিত হারে প্রদেয় রেপো সুদের পরিমাণ<br>[[১০)={ (৮) X (৯) X (৩) } / (৩৬৫ X ১০০)]  |   |
| ১১) প্রস্তাবিত রেপো সুদসহ সিকিউরিটিজ এর পুনঃক্রয় মূল্য<br>[[১১)={ (৮)+(১০) }]   |   |

অঙ্গীকারনামাঃ

আমরা অঙ্গীকার করছি যে, অত্র দরপত্র গৃহীত হলে ফলাফল ঘোষণার পর সত্বর আপনাদের অফিস কর্তৃক প্রদত্ত ডীল কাম কনফার্মেশন অ্যাডভাইস সংগ্রহ করে সম্মতি জ্ঞাপনপূর্বক নির্ধারিত সময়ে আপনার দপ্তরে দাখিল করব। আমরা নিলামের এবং পুনঃক্রয় /বিক্রয় চুক্তি সংক্রান্ত সকল শর্তাদি অবগত হয়ে তা পরিপালনে অঙ্গীকার করছি।

আমরা আরো ... টি দরপত্র দাখিল করেছি/ আর কোন দরপত্র দাখিল করিনি।

তারিখঃ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, স্বাক্ষর ও স্ট্যাম্প